# আগস্ট/২০২১ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মোঃ সোলায়মান হোসেন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেওয়ানগঞ্জ, জামালপুর।

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

তারিখ ও সময় ঃ ২৫/৮/২০২১ খ্রি.। সকাল-১১-০০ ঘটিকা।

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট-'ক')।

উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগতঃ জানিয়ে সভার কাজ শুরু করা হয়। বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়, কোনরুপ সংশোধনী না থাকায় দৃঢ়ীকরণ করা হয়। অতপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রঃ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১) | মাননীয় এমপি মহোদয় প্রতিনিধি ঃ<br>মাননীয় এমপি মহোদয় প্রতিনিধি জনাব মুক্তাদির বিল্লাহ শিপন, উপজেলা পরিষদ মাসিক সভায় মাননীয় এমপি মহোদয় এর পক্ষ হতে সভাস্থ সকলকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান। তিনি মাননীয় এমপি মহোদয় এর দেওয়ানগঞ্জ ও বকশীগঞ্জের বিভিন্ন রাস্তা-ঘাট, ব্রীজ, কালভার্ট, স্কুল, কলেজ উন্নীতকরণসহ বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম এর বিষয়ে আলোচনা করেন। অত্র দেওয়ানগঞ্জ ও বকশীগঞ্জ এলাকায় বিভিন্ন উন্নয়নের রূপকার মাননীয় এমপি মহোদয়। এছাড়াও তিনি নির্মাণাধীন উপজেলা প্রশাসনিক ভবনের অডিটরিয়াম হলরুম মাননীয় এমপি মহোদয়ের নামে নামকরণ করার জন্য অনুরোধ জানান। সকলের সহযোগিতার মাধ্যমে উন্নয়নমূলক কার্যক্রম অব্যাহত রাখতে এবং সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি বক্তব্য শেষ করেন। | আলোচনান্তে মাননীয় এমপি মহোদয়ের উন্নয়নমূলক কার্যক্রম এর ধারা সকলের সহযোগিতায় অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | মাননীয় এমপি মহোদয়/চেয়ারম্যান উপজেলা পরিষদ /উপজেলা নির্বাহী অফিসার |
| ০২) | কৃষি বিভাগ ঃ<br>উপজেলা কৃষি অফিসার জানান যে, উপজেলার চলমান রোপা আমন আবাদ ৭০০০ হে. ছাড়িয়েছে। আবহাওয়া অনুকূলে থাকলে শীঘ্রই তা লক্ষ্যমাত্রা অতিক্রম করবে। উপজেলায় আউশ ও পাটের কর্তন শেষ হয়েছে। আবহাওয়া অনুকূলে থাকায় উপজেলায় আউশ ও পাটের বাম্পার ফলন হয়েছে। গত ১২/৮/২০২১ খ্রি. তারিখ উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সিদ্ধান্ত মোতাবেক ফসলের সুষম সারের চাহিদা পূরণ, ফসলের উৎপাদন বৃদ্ধি ও নিরবচ্ছিন্ন সার সরবরাহের লক্ষ্যে মৌসুম অনুযায়ী ধাপে ধাপে ইউরিয়া ৪৮৯৩ মে. টন, টিএসপি ১৮৭১ মে. টন, ডিএপি ১৩৭৭ মে. টন এবং এমওপি ৩১৪৭ মে. টন সারের অতিরিক্ত বরাদ্দ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চাহিদাপত্র প্রেরণ করা হয়েছে। মাঠ পর্যায়ে উপসহকারী কৃষি কর্মকর্তাগণ কৃষকদের প্রয়োজনীয় দিক নির্দেশনা দিয়ে যাচ্ছেন। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কৃষি বিভাগের সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার |
| ০৩) | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ঃ<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, কোভিড-১৯ পরিস্থিতির মাঝে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সকল সেবা কার্যক্রম চলমান রয়েছে। গণটিকা কার্যক্রম চলমান আছে। এখন পর্যন্ত অত্র দেওয়ানগঞ্জ উপজেলায় করোনা পরীক্ষা করা হয়েছে ১৪০৩ জনের। আক্রান্তের সংখ্যা-২০৭ জন, আক্রান্তের হার ১৪%, মোট সুস্থ্য হয়েছে ১৬২ জন, মৃত্যু- ০৫ জন। **COVISHILD** টিকা প্রদান করা হয়েছে ৬৮৩০ জনকে। **Sinopharm (Voro cell)** টিকা প্রদান করা হয়েছে ১২৭১০ জনকে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের প্রয়োজনীয় সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ০৪) | উপজেলা প্রকৌশল দপ্তর ঃ<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে,<br>০১। ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় অত্র দেওয়ানগঞ্জ উপজেলায় =২১,৩৩,০০০/- (একুশ লক্ষ তেত্রিশ হাজার) টাকা ১ম কিস্তি বরাদ্দ পাওয়া গেছে। ২য় কিস্তির বরাদ্দ পাওয়া সাপেক্ষে ০৪ (চার) কিস্তি বরাদ্দ হিসাব করে প্রকল্প দাখিলের বিষয়ে পরবর্তীতে সিদ্ধান্ত নেয়া হবে।<br>০২। উপজেলা নির্বাহী অফিসার, দেওয়ানগঞ্জ, জামালপুর এঁর বাসভবনটি ঝুঁকিপূর্ণ। যে কোন ধসে পড়ে জানমালের ক্ষয়ক্ষতি সাধিত হতে পারে। বিধায়, ভবনটি কনডেম ঘোষণার নিমিত্ত ভবনটি বসবাসের উপযোগী কিনা তা সরেজমিনে পরিদর্শনপূর্বক নির্বাহী প্রকৌশলী, জামালপুর বরাবর পত্র প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়।<br>০৩। বাহাদুরাবাদ ইউনিয়নে বিভিন্ন রাস্তা ভেঙ্গে যাওয়ার ফলে জনগণের চলাফেরায় দুর্ভোগের সৃষ্টি হচ্ছে। বিধায় জরুরী ভিত্তিতে রাস্তাগুলো মেরামত/সংস্কার প্রয়োজন। রাস্তাগুলো মেরামত/সংস্কার বাবদ =২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের বিষয়ে আলোচনা করা হয়।<br>০৪। চরআমখাওয়া ইউনিয়নের মৌলভীর চর, হাতীভাংগা ইউনিয়নের সবুজপুর এবং দেওয়ানগঞ্জ ইউনিয়নের উম্মারচর রাস্তা বিভিন্ন জায়গায় ভেঙ্গে যাওয়ার ফলে রাস্তাগুলো সংস্কার/মেরামত প্রয়োজন। উল্লিখিত রাস্তাগুলো সংস্কার/মেরামত বাবদ =২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের বিষয়ে আলোচনা করা হয়।<br>০৫। দেওয়ানগঞ্জ উপজেলার আনসার ও ভিডিপি ভবনে পানির পাম্প ও ট্যাংকি স্থাপন এবং অন্যান্য আনুষাংগিক কাজ বাবদ =১,৩৭,৫২১/- (এক লক্ষ সাইত্রিশ হাজার পাঁচশত একুশ) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের বিষয়ে আলোচনা করা হয়। | ০১। ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় অর্থ বরাদ্দ প্রাপ্তির সাপেক্ষে প্রকল্প দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২। উপজেলা নির্বাহী অফিসার, দেওয়ানগঞ্জ, জামালপুর এঁর বাসভবনটি ঝুঁকিপূর্ণ। বিধায়, ভবনটি কনডেম ঘোষণার নিমিত্ত ভবনটি বসবাসের উপযোগী কিনা তা সরেজমিনে পরিদর্শনপূর্বক নির্বাহী প্রকৌশলী, জামালপুর বরাবর পত্র প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৩। বাহাদুরাবাদ ইউনিয়নে বিভিন্ন রাস্তা জনগণের চলাচলের নিমিত্ত মেরামত/সংস্কার বাবদ =২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৪। উল্লিখিত রাস্তাগুলো সংস্কার/মেরামত বাবদ =২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী |

| | | | |
|---|---|---|---|
| | ০৬। উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল, চাকুরিয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ে বন্যাকালীন সময়ের জন্য ল্যাট্রিন ০২ (দুই) টি নির্মাণের জন্য ভ্যাটসহ =৫১,১০২/- (একান্ন হাজার একশত দুই) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বরাদ্দের অনুমতি প্রদানের বিষয়ে অনুরোধ করেন।<br><br>০৭। অত্র দেওয়ানগঞ্জ উপজেলা পরিষদ কমপ্লেক্স এর অভ্যন্তরে রাস্তা মেরামত ও পানি নিষ্কাশনের জন্য ড্রেন নির্মাণ বাবদ= ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়ে আলোচনা করা হয়। | ০৫। উল্লিখিত ভবনে পানির পাম্প ও ট্যাংকি স্থাপন এবং অন্যান্য আনুষাংগিক কাজ বাবদ =১,৩৭,৫২১/- (এক লক্ষ সাইত্রিশ হাজার পাঁচশত একুশ) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৬। উল্লিখিত ব্যয় বাবদ ভ্যাটসহ =৫১,১০২/- (একান্ন হাজার একশত দুই) টাকা বরাদ্দের অনুমতি প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৭। উপজেলা পরিষদ কমপ্লেক্স এর অভ্যন্তরে রাস্তা মেরামত ও পানি নিষ্কাশনের জন্য ড্রেন নির্মাণ বাবদ= ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৫) | জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর ঃ<br>উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল সভায় জানান যে, মুজিব বর্ষে নির্মিত ঘরের বিপরীতে ডাংধরা ইউনিয়নে বরাদ্দকৃত ১৫ টি নলকূপ ইতোমধ্যেই খননকৃত কাজ সমাপ্ত হয়েছে। বাকি ০৮ টি নলকূপ কোথায় কোন জায়গা দেয়া হবে সে ব্যাপারে আলোচনা করে ডাংধরা ইউনিয়নে দেয়ার ব্যাপারে সিদ্ধান্ত নেয়া হয়। এছাড়া প্রাথমিক বিদ্যালয়ের **Wash Block** নির্মাণের কাজ চলছে। | সকল কার্যক্রম বিধি মেতাবেক ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অফিস |
| ০৬) | উপজেলা সমাজসেবা অফিস ঃ<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, ২০২০-২০২১ অর্থবছরে বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী সর্বমোট ২২,৪৮৪ জনের মাধ্যে নগদ একাউন্টের মাধ্যমে ভাতা প্রদান কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। এদের মধ্যে কয়েকজনের হিসাব কিছুটা ভুল ছিল যা সংশোধন করে ভাতা প্রদান করা হয়। অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে। | বরাদ্দ পাওয়া সাপেক্ষে ভাতা বিতরণ কার্যক্রম বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার। |
| ০৭) | উপজেলা সমবায় অফিস ঃ<br>উপজেলা সমবায় কর্মকর্তা সভাকে জানান যে,<br>০১। অত্র দেওয়ানগঞ্জ উপজেলায় ২০২০-২০২১ সনের অডিট বরাদ্দকৃত সমবায় সমিতির অডিট কার্যক্রম চলতি মাসে শুরু হয়েছে।<br>০২। সমবায় সমিতিগুলোর পরিদর্শন, তদারকিসহ সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>০৩। আশ্রয়ন প্রকল্পের ঋণগ্রহীতাদের নিকট হতে ঋণ আদায়ের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। | সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার |
| ০৮) | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ঃ<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে,<br>০১। করোনাকালীন সময়ে জি আর খাদ্য শস্য ও টাকার চেক বরাদ্দকৃত সকল ইউপি চেয়ারম্যান বরাবর প্রদান করা হয়েছে। যা উপকারভোগীর মাঝে বিতরণ করে মাষ্টাররোল দ্রুত প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়।<br>০২। যমুনা নদীর পানি বৃদ্ধি হওয়ায় সকল ইউপি চেয়ারম্যানগণকে নিজ নিজ ইউনিয়নে বন্যা আশ্রয় কেন্দ্রগুলো প্রস্তুত রাখার জন্য শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হয়।<br>০৩। ৩৩৩ তে কলকারীদের প্রতি সপ্তাহে মঙ্গলবার (তালিকা যাচাই বাছাইপূর্বক) খাদ্য সহায়তা প্রদান করা হচ্ছে।<br>০৪। "বীর নিবাস" এর ১২ টি ঘরের মধ্যে ০৯ টি ঘরের সিডিউল বিক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।<br>০৫। বিভাগীয় অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে। | সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ০৯) | উপজেলা শিক্ষা অফিস ঃ<br>উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে,<br>০১। গত ২৩/৮/২০২১ খ্রি. তারিখ হতে বিভাগীয় নির্দেশনা মোতাবেক সকল প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণ নিয়মিত বিদ্যালয় উপস্থিত থেকে বিদ্যালয়ের শ্রেণি কক্ষ ও ওয়াশ ব্লকসহ আশেপাশে পরিষ্কার পরিচ্ছন্ন রাখার কাজ করছেন।<br>০২। শিক্ষকগণ ওয়ার্কশীট বিতরণ, মূল্যায়ন ও প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন। শিক্ষার্থীরা কোন অবস্থাতেই পুনঃ নির্দেশনা না দেয়া পর্যন্ত বিদ্যালয়ে আসবেনা ।<br>০৩। শিক্ষকগণ মোবাইল ফোন/হোম ভিজিট (স্বাস্থ্য বিধি মেনে) এর মাধ্যমে শিক্ষার্থীদের সাথে যোগাযোগ করবেন।<br>০৪। আনুষ্ঠানিক পাঠদান বন্ধ থাকলেও অনলাইন ভিত্তিক পাঠদান কার্যক্রম চলমান রয়েছে। | উপজেলা শিক্ষা বিভাগের সকল কার্যক্রম ভালোভাবে সম্পাদনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| ১০) | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ঃ<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, কোভিড-১৯ এর কারণে শিক্ষা প্রতিষ্ঠানগুলোর বন্ধ কার্যক্রম বর্ধিত করা হয়েছে। স্কুল পর্যায়ে অনলাইনভিত্তিক পাঠদান কার্যক্রম চলমান রয়েছে। কিছু কিছু কোচিং সেন্টার এর মাধ্যমে শিক্ষার্থীদের পাঠদান কার্যক্রম চালু করেছে। আবারও মোবাইল কোর্টের মাধ্যমে যদি কোন কোচিং সেন্টার খোলা থাকে সেগুলো বন্ধের জন্য অনুরোধ করেন। | অনলাইন ভিত্তিক পাঠদান কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |

| | | | |
|---|---|---|---|
| ১১) | পরিবার পরিকল্পনা বিভাগ ঃ<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভাকে অবহিত করেন যে,<br>১। জুলাই/২১ মাসে মোট সক্ষম দম্পতি ৬০০৮১ জন, মোট গ্রহণকারী ৪৮১৪১ জন। পদ্ধতি গ্রহণকারীর হার ৮০.১৩%। স্থায়ী পদ্ধতি = ০১ জন মহিলা, IUD- ০১ জন, আপন-১৭০ চক্র, কনডম-১৫২৮৪ পিস, ইনজেকশন ভায়েল- ১৯৮৬ ভায়াল, খাবার বড়ি সুখি ১৩৮৯৫ এবং মিসোপস্টাল ৮৬।<br>২। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | পরিবার পরিকল্পনা বিভাগের সকল কার্যক্রম এবং করোনাভাইরাস প্রতিরোধে মাঠকর্মীদের স্বাস্থ্যবিধি মেনে সচেতনতার সাথে কাজ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| ১২) | উপজেলা প্রাণিসম্পদ অফিস ঃ<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভাকে জানান যে, অত্র দেওয়ানগঞ্জ উপজেলায় গবাদি পশু পাখির চিকিৎসা কার্যক্রম সঠিকভাবে চলছে। তাছাড়া কৃত্রিম প্রজনন কার্যক্রম সুন্দর ও সুষ্ঠুভাবে চলছে। টীকা প্রদান কার্যক্রমও ভালভাবে চলছে। অত্র দপ্তরে জনবল সংকট রয়েছে। অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে। | প্রাণিসম্পদ বিভাগের উল্লিখিত সকল কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার |
| ১৩) | উপজেলা মৎস্য বিভাগ ঃ<br>উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, আগামী ২৮/৮/২০২১ খ্রি. তারিখ হতে ০৩/৯/২০২১ খ্রি. তারিখ পর্যন্ত জাতীয় মৎস্য সপ্তাহ/২১ উদযাপিত হতে যাচ্ছে। উন্মুক্ত জলাশয়ে পোনামাছ অবমুক্ত কার্যক্রম বাস্তবায়ন প্রক্রিয়াধীন রয়েছে। | মৎস্য বিভাগীয় সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার |
| ১৪) | উপজেলা যুব উন্নয়ন অফিস ঃ<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (অতিঃ দাঃ) সভাকে অবহিত করেন যে, যুব উন্নয়ন অধিদপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ঋণ আদায় ও প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। চলতি অর্থবছরে কোন ঋণ বিতরণ করা হয়নি। ক্রমপুঞ্জিত ঋণ বিতরণের (ঘূর্ণায়মান তহবিল) পরিমাণ =৩,০৭,২৫,৮০০/- (তিন কোটি সাত লক্ষ পঁচাশি হাজার আটশত) টাকা। ক্রমপুঞ্জিত আদায়যোগ্য =২,৬৮,৮৩,১৪৭/- (দুই কোটি আটষট্টি লক্ষ তিরাশি হাজার একশত সাতচল্লিশ) টাকা। ক্রমপুঞ্জিত আদায় =২,৪৬,৫৪,২২০/- (দুই কোটি ছেচল্লিশ লক্ষ চুয়ান্ন হাজার দুইশত বিশ) টাকা। আদায়ের শতকরা হার ৯২%। খেলাপী ঋণের পরিমাণ =১৬,৯৬,২৫৫/- (ষোল লক্ষ ছিয়ানব্বই হাজার দুইশত পঞ্চান্ন) টাকা। খেলাপী অর্থ আদায়ের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। | ঋণ প্রদান ও আদায় কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৫) | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার অফিস ঃ<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভাকে অবহিত করেন যে,<br>০১। কোভিড-১৯ পরিস্থিতির কারণে IGA ব্লক বাটিক, বিউটিফিকেশন এর কার্যক্রম দীর্ঘদিন বন্ধ থাকায় উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশক্রমে পুনরায় চালু করা হয়েছে।<br>০২। কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প এবং সেলাই প্রশিক্ষণ প্রকল্প কার্যক্রম চালু করা হয়েছে।<br>০৩। আগস্ট/২১ মাসের ভিজিডির ডি ও প্রদান করা হয়েছে। | সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৬) | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ঃ<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, চলতি মাসে মাননীয় প্রধানমন্ত্রীর প্রনোদনা ঋণ তহবিল থেকে একজন উদ্যেক্তার মাঝে =১,০০০০০/- (এক লক্ষ) টাকা ঋণ বিতরণ করা হয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৭) | উপজেলা বন বিভাগ ঃ<br>উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে,<br>০১। মাননীয় সংসদ সদস্য কর্তৃক তালিকা অনুযায়ী ২,৫০০ টি চারা বিনামূল্যে বিতরণ করা হবে।<br>০২। কৃষকলীগের মাঝে বিনামূল্যে বিতরণের জন্য ৫০০০ টি চারার বরাদ্দ পাওয়া যায়নি বিধায় চারা বিতরণ সম্ভব হচ্ছে না। | মাননীয় সংসদ সদস্য কর্তৃক প্রদত্ত তালিকা অনুযায়ী ২,৫০০ টি চারা বিনামূল্যে বিতরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বন কর্মকর্তা |
| ১৮) | মেয়র ঃ<br>মেয়র, দেওয়ানগঞ্জ পৌরসভা সভায় জানান যে, অত্র দেওয়ানগঞ্জ পৌরসভার কার্যক্রম ভালোভাবে চলছে। সরকারী খাস জমি উদ্ধারপূর্বক গাছ লগানোর বিষয়ে সভাকে অবহিত করেন। সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি বক্তব্য শেষ করেন। | সকল কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ১৯) | আমার বাড়ি আমার খামার প্রকল্প ঃ<br>উপজেলা সমন্বয়কারী সভায় জানান যে,<br>১। মোট সমিতি গঠন- ২৪৫ টি    মোট ঋন বিতরণ- ১২.৩৫ লক্ষ<br>মোট সদস্য- ১১,৮৫০ জন    মোট তহবিল- ১৪.১৮ লক্ষ<br>মোট সঞ্চয় - ৬.৪৮ লক্ষ    মোট ঋন আদায়- ৫.৮০ লক্ষ | আমার বাড়ি আমার খামার প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমন্বয়ক আমার বাড়ি আমার খামার/ উপজেলা নির্বাহী অফিসার |
| ২০) | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা ঃ<br>ক্ষুদ্র ঋন অগ্রগতি ঃ<br>০১) ক) সমিতির সংখ্যা- ৮৫ টি<br>খ) মোট সদস্য- ৪৩১৪ জন<br>গ) মোট ঋন বিতরণ- ৪০০০০০/-<br>ঘ) মোট ঋন আদায়- ৭,৩১,২২০/-<br>ঙ) মোট সঞ্চয় আদায়- ৪,৫০.০৫০/-<br>চ) আদায় হার- ২০%<br>০২) ব্যবসায়ী ঋন- সেলপ<br>ক) মোট উদ্যেক্তা সংখ্যা- ৮০ জন<br>খ) মোট ঋন বিতরণ- -<br>গ) মোট ঋণ আদায়- ৩,৫৭,১৩০/- | ঋন আদায় ও বিতরণ কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | ঘ) আদায় হার- ৩০%<br>ঙ) সয়ম্ভরতার হার- ২০% | | |
| ২১) | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ঃ<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসার সভায় জানান যে,<br>০১। বর্তমানে পূর্বের ন্যায় OMS কার্যক্রম চলমান রয়েছে। জেলায় গমের ঘাটতি থাকায় আপাতত আটা বিক্রয় কার্যক্রম সাময়িকভবে বন্ধ আছে। খাদ্য বান্ধব কর্মসূচীতে অত্র দেওয়ানগঞ্জ উপজেলায় ৬৬৫ জন অতিরিক্ত ভোক্তা আগামী মাস থেকে অর্ন্তভুক্ত করার নিমিত্ত নির্দেশনা রয়েছে।<br>০২। দেওয়ানগঞ্জে খাদ্য গুদামের বর্তমান মজুদ পরিস্থিতি ঃ<br>ক) ধান- ২০২ মে.টন ঘ) খালিবস্তা ১৮৫৪০ পিস।<br>খ) চাউল- ২০৯৭ মে. টন<br>গ) গম-৩,৩২২ মে. টন | সকল কার্যক্রম ভালোভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ২২) | উপজেলা তথ্য কেন্দ্র, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) ঃ<br>উপজেলা তথ্যসেবা কর্মকর্তা জানান যে, ২০২১-২০২২ অর্থবছরের বরাদ্দ না দেয়ায় উঠান বৈঠক কার্যক্রম স্থগিত করা হয়েছে। দপ্তরীয় অন্যান্য কার্যক্রম ভালোভাবে চলছে। | তথ্য কেন্দ্র, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) এর উঠান বৈঠক কার্যক্রম বরাদ্দ সাপেক্ষে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ২৩) | চেয়ারম্যান ডাংধরা ইউপি ঃ<br>ডাংধরা ইউপি চেয়ারম্যান সভায় জানান যে,<br>০১। মুজিব শতবর্ষের গৃহহীন পরিবারের মাঝে খাদ্য সহায়তা প্রদান করা হয়েছে।<br>০২। কাউনিয়রচর মেইন রোড হতে পাত্তামারী রাস্তায় মোকাদ্দেমের বাড়ীর নিকট পাকা রাস্তা ভেংগে গেছে। দ্রুত সংস্কার/মেরামত করা প্রয়োজন। যোগাযোগ বিচ্ছিন্ন হওয়ার আশংকা রয়েছে। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়।<br>০৩। কাউনিয়র চর হতে বিন্দুর চর রোড জনগণের চলাফেরার সুবিধার্থে সংস্কার করা প্রয়োজন। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ২৪) | চেয়ারম্যান চরআমখাওয়া ইউপি ঃ<br>চরআমখাওয়া ইউপি চেয়ারম্যান জানান যে, তাঁর ইউনিয়ন পরিষদ ভবন জরাজীর্ণ। ভবনটি সংস্কার/মেরামত প্রয়োজন। ভবনটি সংস্কার/মেরামত নিমিত্ত উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণের বিষয়ে সভাকে অবহিত করেন। সানন্দবাড়ী বাজার রাস্তা ভেংগে গেছে। সংস্কার/মেরামত প্রয়োজন। এছাড়াও তাঁর ইউনিয়নে কাজী নিয়োগ না হওয়ার কারণে বাল্য বিবাহ বৃদ্ধি হওয়ার সম্ভাবনা রয়েছে। খুব শীঘ্রই কাজী নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করার জন্য অনুরোধ জানান। | চরআমখাওয়া ইউপি ভবনটি সংস্কার/মেরামত নিমিত্ত উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসা |
| ২৫) | চেয়ারম্যান পাররামরামপুর ইউপি ঃ<br>চেয়ারম্যান, পাররামরামপুর ইউপি জানান যে, তাঁর ইউনিয়নের কার্যক্রম ভালোভবে চলছে। এছাড়াও তাঁর ইউনিয়নেগ্রাম পুলিশের নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ জানান। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ২৬) | চেয়ারম্যান হাতীভাংগা ইউপি ঃ<br>চেয়ারম্যান, হাতীভাংগা ইউপি সভায় জানান যে, হাতীভাংগা হতে দেওয়ানগঞ্জ মেইন রোড কিছুটা ভাংগনের সৃষ্টি হয়েছে। জনগণের চলাফেরায় অসুবিধার সৃষ্টি হচ্ছে। বন্যা আসার আগেই রাস্তা সংস্কার মেরামত প্রয়োজন। সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি বক্তব্য শেষ করেন। | রাস্তা-ঘাট মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্তগ্রহণ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ২৭) | চেয়ারম্যান চিকাজানী ইউপি ঃ<br>চিকাজানী ইউপি চেয়ারম্যান জানান যে, মন্ডল বাজারের পিছনে রাস্তা ভেংগে যাওয়ার কারণে জনসাধারণের চলাচলে অসুবিধার সৃষ্টি হচ্ছে। রাস্তাটি মেরামত/সংস্কার প্রয়োজন। এছাড়াও খোলাবাড়ী রাস্তা ভেংগে যাওয়ার কারণে জনসাধারণের চলাচল ও মালামাল পরিবহনে অসুবিধার সৃষ্টি হচ্ছে। রাস্তগুলো খুব শীঘ্রই সংস্কার/মেরামতের জন্য অনুরোধ জানান। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ২৮) | চেয়ারম্যান বাহাদুরাবাদ ইউপি ঃ<br>বাহাদুরাবাদ ইউপি চেয়ারম্যান জানান যে, তাঁর ইউনিয়ন পরিষদের অভ্যন্তরে গত অর্থবছরে এডিপির আওতায় বাউন্ডারী ওয়ালের এবং মাটি ভরাটের কাজ সম্পন্ন করা হয়নি। ঠিকাদারকে বিল প্রদান করা হয়েছে। কাজটি সম্পন্ন করার জন্য সভায় অনুরোধ জানান। এছাড়াও বিভিন্ন জায়গায় রাস্তা ভেংগে যাওয়ার ফলে জনগণের চলাফেরায় দুর্ভোগের সৃষ্টি হয়েছে। রাস্তাগুলো সংস্কার/মেরামত প্রয়োজন। | উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্তগ্রহণ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ২৯) | চেয়ারম্যান চুকাইবাড়ী ইউপি ঃ<br>চুকাইবাড়ী ইউপি চেয়ারম্যান জানান যে, ফেরী ঘাট চলাচলের নিমিত্ত সভায় আলোচনা করেন। অত্র দেওয়ানগঞ্জ উপজেলার উন্নয়নের জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতায় বরাদ্দ প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। মশা নিধনের ব্যাপারে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ সংস্থানের জন্যও অনুরোধ করেন। | যথাযথ ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ৩০) | চেয়ারম্যান দেওয়ানগঞ্জ ইউপি ঃ<br>দেওয়ানগঞ্জ ইউপি চেয়ারম্যান জানান যে, তাঁর ইউনিয়নে চলমান উন্নয়ন কার্যক্রম এর ধারা অব্যাহত রয়েছে। বাল্য বিবাহ, মাদক এর তেমন কোন সমস্যা নেই। এছাড়াও তিনি গ্রাম পুলিশ নিয়োগের জন্য অনুরোধ জানান। সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |

| | | | |
|---|---|---|---|
| ৩১) | ভাইস চেয়ারম্যান ঃ<br>ভাইস চেয়ারম্যান সভাস্থ সকলকে শুভেচ্ছা জানান। তিনি সভাতে অত্র দেওয়ানগঞ্জ উপজেলার উন্নয়নমূলক কার্যক্রম সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তাগণ ও ইউপি চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন। করোনাভাইরাস প্রতিরোধে চলমান লকডাউন কার্যক্রম প্রশাসন ও সকলের সহযোগিতায় বাস্তবায়নের জন্য অনুরোধ জানান। উপজেলা পরিষদের অভ্যন্তরে দুবৃত্তদের দেয়া আগুনে পুড়ে যাওয়া দোকানের ঘটনায় দুঃখ প্রকাশ করেন। এ ধরনের অপরাধের সাথে জড়িতদের ধরে দৃষ্টান্তমূলক শাস্তি প্রদানের জন্য অনুরোধ জানান। | যথাযথভাবে সকল কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ৩২) | ভাইস চেয়ারম্যান (মহিলা) ঃ<br>ভাইস চেয়ারম্যান (মহিলা) জানান যে, অত্র দেওয়ানগঞ্জ উপজেলার উন্নয়নমূলক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে বিভিন্ন বিভাগীয় কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানগণকে একত্রে কাজ করার জন্য অনুরোধ করেন। সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ৩৩) | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ঃ<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ মহোদয় উপজেলা পরিষদ মাসিক সভায় সংশ্লিষ্ট বিভাগ ও ইউপি চেয়ারম্যানগণের উপস্থিতির জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। বিভিন্ন বিভাগীয় কর্মকর্তাগণ তাঁদের দপ্তরীয় কার্যক্রমগুলো সভায় ভালোভাবে উপস্থাপন করবেন। হাতীভাংগা ইউপিসহ বিভিন্ন ইউনিয়নের রাস্তাঘাট সমস্যা সম্পর্কে ইউপি চেয়ারম্যানগণ অবহিত করেছেন। করোনাভাইরাস জনিত কারণে সরকারে নির্দেশনা মোতাবেক লকডাউন কার্যক্রম বাস্তবায়নে প্রশাসনের পাশাপাশি ইউপি চেয়ারম্যানগন ও বিভাগীয় কর্মকর্তাগণ সহযোগিতা করবেন। জনগণকে মাস্ক ব্যবহারে সচেতনতা সম্পর্কে বোঝাবেন। অত্র দেওয়ানগঞ্জ উপজেলার আইন শৃংখলা পরিস্থিতি ভালো। আরও যেন ভাল হয় সে লক্ষে আইন শৃংখলা রক্ষাকারী বাহিনী কাজ করে যাচ্ছে। সভাস্থ সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | বিভাগীয় ও উন্নয়নমূলক কার্যক্রম চলমান রাখার লক্ষ্যে এবং সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সামাজিক দূরত্ব বজায় রেখে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ৩৪) | আগস্ট/২১ খ্রি. মাসের চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও ভাইস চেয়ারম্যানগণ এর ভ্রমণভাতা বিল উপস্থাপন করা হয়। আগস্ট/২১ খ্রি. মাসে চেয়ারম্যান, উপজেলা পরিষদ =১২,৫০০/-(বার হাজার পাঁচশত) টাকা এবং ভাইস চেয়ারম্যান=৭,৫০০/-(সাত হাজার পাঁচশত) এবং ভাইস চেয়ারম্যান (মহিলা) =৭,৫০০/-(সাত হাজার পাঁচশত) টাকা অনুমোদনের জন্য আলোচনা করা হয়। | আগস্ট/২১ মাসের ভ্রমনভাতা বিল সর্বমোট =২৭,৫০০/- (সাতাশ হাজার পাঁচশত) টাকা অনুমোদিত ও গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ৩৫) | ভোক্তা অধিকার বিষয়ে আলোচনা<br>ক) উপজেলা পর্যায়ে পাইকারি ও খুচরা ব্যবসা প্রতিষ্ঠানসহ ভোক্তাদের ব্যবহারের জন্য বিভিন্ন পণ্য উৎপাদন এবং বিপনন বিষয়ে আলোচনা করা হয়।<br>খ) ভোক্তা অধিকার বিষয়ে ও ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ আরো অধিকতর প্রচারের মাধ্যমে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রচার কার্যক্রম পরিচালনা করা যেমন- লিফলেট, প্যাম্পলেট, পোস্টার টাংগানো, সভা, সেমিনার, সিম্পোজিয়াম ইত্যাদি কর্মশালা আয়োজন করা প্রয়োজন। | ক) পাইকারি ও খুচরা ব্যবসা প্রতিষ্ঠানসহ ভোক্তাদের ব্যবহারের জন্য বিভিন্ন পণ্য উৎপাদন, বিপনন প্রতিষ্ঠানসমূহ তদারকির সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) নাগরিকদের মাঝে সচেতনতা বৃদ্ধির লক্ষে সকল কার্যক্রম পরিচালনা করা যেমন- লিফলেট, প্যাম্পলেট, পোস্টার লাগানো, সভা, সেমিনার ও কর্মশালা ইত্যাদি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটি |
| ৩৬) | হাট বাজার সংক্রান্ত ঃ<br>১৪২৮ বঙ্গাব্দে অত্র দেওয়ানগঞ্জ উপজেলা পরিষদের ১৩ (তের) টি হাট বাজারের মধ্যে ১ম পর্যায় ০৭ (সাত) টি এবং ২য় পর্যায় ০২ (দুই) টি মোট ০৯ (নয়) টি হাট ইজারা হয়েছে। তন্মধ্যে ০৭ (সাত) টি হাটের ভ্যাট আয়করসহ সকল টাকা ইজারদারগণ পরিশোধ করেছেন। সানন্দবাড়ি হাট এর ইজারাদার এর নিকট সর্বমোট =৯,২৫,২৫০/- (নয় লক্ষ পঁচিশ হাজার দুইশত পঞ্চাশ) টাকা পাওনা রয়েছে। উক্ত হাটের ইজারাদার এই মর্মে অঙ্গীকারনামা দাখিল করেন যে, প্রতি হাটে তিনি =১,০০০০০/- (এক লক্ষ) টাকা প্রদান করবেন। তিনি আরও অঙ্গীকার করেন যে, উল্লিখিত টাকা পরিশোধে ব্যর্থ হলে তার বিরুদ্ধে বিধি মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে তার কোন আপত্তি থাকবেনা। আর কাঠারবিল হাটের ইজারদারের নিকট ভ্যাট ও আয়কর বাবদ টাকা পরিশোধ করেছেন। তিনি আবেদন করলে আবেদনের প্রেক্ষিতে হাটটি তাঁর অনুকূলে ইজারা প্রদান করা যেতে পারে। ০৪ (চার) টি হাট এর ইজারা হয়নি। সরকারি হাটবাজার নীতিমালা ২০১১ অনুযায়ী খাস আদায় কমিটির মাধ্যমে খাস আদায় কার্যক্রম চলমান রয়েছে। | আলোচনান্তে সানন্দবাড়ি হাটের ইজারাদার উল্লিখিত বকেয়া টাকা পরিশোধে ব্যর্থ হলে তার অঙ্গীকারনামা অনুযায়ী তার বিরুদ্ধে বিধি মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে কোন আপত্তি থাকবেনা মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ৩৭) | বিবিধ ঃ<br>ক) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ফেব্রুয়ারি ২০২০ এর (৩,ভ) বর্জ্য ব্যবস্থাপনা/পরিস্কার পরিচ্ছন্নতা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল অর্থায়নে উপজেলা পরিষদের সভার সিদ্ধান্তক্রমে প্রতি অর্থবছরে সর্বোচ্চ =১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যয় করা যাবে। সে প্রেক্ষিতে, অত্র দেওয়ানগঞ্জ উপজেলার অভ্যন্তরে বিভিন্ন জায়গায় বর্জ্য পরিষ্কার ও পরিচ্ছন্নতা কাজ বাবদ =৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের বিষয়ে আলোচনা করা হয়।<br><br>খ) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ফেব্রুয়ারি ২০২০, ৩(জ) মুলে আপ্যায়ন ব্যয়, উপজেলা পরিষদ সভা, উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানগণ এবং উপজেলা নির্বাহী অফিসারের সভাসহ অন্যান্য আপ্যায়ন বাবদ মাসিক সর্বোচ্চ =৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা ও সরকারি ক্রয় | ক) অত্র দেওয়ানগঞ্জ উপজেলার অভ্যন্তরে বিভিন্ন জায়গায় বর্জ্য পরিষ্কার ও পরিচ্ছন্নতা কাজ বাবদ =৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) উল্লিখিত ব্যয় বাবদ =৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার<br><br>খ) চেয়ারম্যান উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | সংক্রান্ত বিধি-বিধান/নির্দেশাবলী অনুসরণপূর্বক পরিষদের জন্য অফিস সামগ্রী ও ষ্টেশনারি দ্রব্যাদি উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ক্রয় করা যাবে। তবে এখাতে মাসিক সর্বোচ্চ =৫,০০০/- (পাঁচহাজার) টাকার বেশী ব্যয় করা যাবেনা। এ বিষয়ে আলোচনা করা হয়। | | |

অতপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত ঘোষণা করা হয়।

২৫/০৮/২০২১

মোঃ সোলায়মান হোসেন
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দেওয়ানগঞ্জ, জামালপুর
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা

স্মারক নং-উঃনিঃঅঃ/দেওয়ান/উঃপঃসঃ/ ৮৮৬ (৪০) তারিখ ঃ ২৫/৮/২০২১ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ

১) সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) জেলা প্রশাসক, জামালপুর।
৩) উপজেলা ......................................অফিসার, দেওয়ানগঞ্জ, জামালপুর।
৪) চেয়ারম্যান...............................................,ইউনিয়ন পরিষদ (সকল), দেওয়ানগঞ্জ, জামালপুর।
৫) অফিস কপি।

২৫/৮/২১

এ.কে.এম আব্দুল্লাহ বিন রশিদ
উপজেলা নির্বাহী অফিসার
দেওয়ানগঞ্জ, জামালপুর